**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 26-02-2026** **Desk in Charge : Kalyan L.**
**Time : 1-40 P.M.** **Compiling : Sudip B.**
**DEO: KB** **NRT : Sudip B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য অর্ধেকের কিছু বেশী বুথকে, সংবেদনশীল এবং অতি সংবেদনশীল হিসেবে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন।

#SIR-এ নিযুক্ত বিচারকদের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ ফের একদফা বৈঠক করবেন।

২/ পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭ টি রাজ্যসভার আসনে নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে কমিশন।

৩/ রাজ্যের বিভিন্ন জেলা আদালতের পর আজ একাধিক পাসপোর্ট এবং পোস্ট অফিসেও বোমাতঙ্ক। চলছে তল্লাশি।

৪/ হাওড়ার পিলখানায়, দুষ্কৃতীদের গুলিতে প্রমোটারের মৃত্যুর ঘটনায় অন্যতম মূল অভিযুক্ত হারুন খান ঘনিষ্ঠ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৫/ রাজ্যপাল ডক্টর CV আনন্দ বোস, রাজ্যকে হিংসা ও দুর্নীতিমুক্ত করার আহ্বান জানিয়েছেন।

৬/ স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের প্রথম পর্বের কাউন্সেলিংয়ে, মোট ১৬৮ জনকে সুপারিশ পত্র দেওয়া হয়েছে।

***********************************************************************

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য রাজ্যের প্রায় অর্ধেকের কিছু বেশি বুথকে সংবেদনশীল ও অতিসংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। সব জেলার কাছ

থেকে পাওয়া আইনশৃঙ্খলা রিপোর্ট পর্যালোচনা করে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। ওই রিপোর্টের ভিত্তিতে রাজ্যে মোট প্রায় ৪১ হাজার ৪০০ বুথকে সংবেদনশীল হিসেবে চিহ্নিত করা হয়েছে। তার মধ্যে প্রায় ৬ হাজার ৮০০ বুথকে অতিসংবেদনশীল হিসেবে গণ্য হয়েছে।

কমিশন সূত্রের দাবি, সীমান্তবর্তী ও স্পর্শকাতর জেলাগুলিতেই সংবেদনশীল বুথের সংখ্যা বেশি। বিশেষ করে দুই ২৪ পরগনা, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, বীরভূম, নদীয়া সীমান্ত এলাকা, হুগলির একাংশে সংবেদনশীল বুথের ঘনত্ব উল্লেখযোগ্য।

এই প্রেক্ষিতে রাজ্যে মোতায়েন করা হচ্ছে ২৪০ কোম্পানি আধাসেনা। রবিবার বা সোমবারের মধ্যেই বাহিনী রাজ্যে পৌঁছবে বলে প্রশাসনিক সূত্রের খবর। চূড়ান্ত পরিকল্পনা অনুযায়ী, সর্বাধিক ১৪ কোম্পানি বাহিনী পাঠানো হচ্ছে পূর্ব মেদিনীপুরে। কলকাতা ও মালদহে থাকছে ১২ কোম্পানি করে। দক্ষিণ দিনাজপুরে মোতায়েন হবে ১০ কোম্পানি। কোচবিহার ও ব্যারাকপুর পুলিশ কমিশনারেটে থাকছে ৯ কোম্পানি করে বাহিনী। মুর্শিদাবাদ পুলিশ জেলা ও জঙ্গিপুর পুলিশ জেলায় ৮ কোম্পানি করে বাহিনী পাঠানো হচ্ছে।

তবে নির্ধারিত সূচি অনুযায়ী আগামী ১ মার্চ ডেপুটি ইলেকশন কমিশনার-সহ কমিশনের প্রায় আটজন আধিকারিকের রাজ্যে আসার কর্মসূচিতে পরিবর্তন হয়েছে। পয়লা এবং দোসরা মার্চ জেলা নির্বাচন আধিকারিক এবং পুলিশ সুপারদের সঙ্গে বৈঠকের কথা থাকলেও তা আপাতত হচ্ছে না।

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক মনোজ আগরওয়াল জানান, ১ মার্চ ইডেনে ভারত–ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট ম্যাচ রয়েছে। তার আগে ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কাজও রয়েছে। সেই প্রশাসনিক ব্যস্ততার কারণেই কমিশনের সফরসূচিতে বদল আনা হয়েছে। নতুন দিনক্ষণ পরে জানানো হবে বলে কমিশন সূত্রে ইঙ্গিত।

****************************

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে SIR প্রক্রিয়ার নিযুক্ত বিচারকদের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে কলকাতা হাইকোর্টে প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের একদফা বৈঠকে বসছেন। দুপুর দেড়টায় নির্ধারিত ওই বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত ডিজি পীযূশ পান্ডে, কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার এবং নির্বাচন কমিশনের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। সর্বোচ্চ আদালতের নির্দেশ মত শুনানি ও নথি পরীক্ষার কাজের অগ্রগতি নিয়েই মূলত আলোচনা হবে। এর আগে হাইকোর্টে এই বিষয়ে দুদফা বৈঠক হয়েছে।

এদিকে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে গতসন্ধ্যায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা স্থির করতে মুখ্য নির্বাচনী আধিকারিক, পুলিশ, আধাসামরিক বাহিনী ও বিভিন্ন আইন প্রণয়নকারী সংস্থার কর্তাদের সঙ্গে বৈঠক করেন। আগামী পয়লা মার্চ রাজ্যে আসতে চলা ২৪০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা নিয়েই বৈঠকে আলোচনা হয়েছে বলে সিইও দপ্তর সূত্রে জানা গেছে।

***************************

SIR প্রক্রিয়ায় যেসমস্ত ভোটারদের নথি এখনো ওয়েবসাইটে আপলোড হয়নি, আজ বিকেল ৫'টার মধ্যে তা' জুডিশিয়াল অফিসারদের হস্তান্তর করার জন্য ERO এবং AERO-দের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

১৪'ই ফেব্রুয়ারী পর্যন্ত যে সমস্ত ভোটারদের নথি ERO এবং AERO-দের কাছে জমা হয়েছে অথচ আপলোড হয়নি, সেগুলি SIR-এর কাজে নিযুক্ত বিচারবিভাগীয় আধিকারিকদের হাতে তুলে দিতে হবে।

পাশাপাশি, সুপ্রিম কোর্ট জানিয়েছে, SIR-এর নথিপত্র যাচাইয়ের সময় দশম শ্রেণীর অ্যাডমিট কার্ড ও বোর্ড পরীক্ষার পাসের সার্টিফিকেট, অতিরিক্ত নথি হিসেবে পেশ করা যাবে। শুধু মাত্র জন্ম তারিখ এবং অভিভাবকের তথ্য নিশ্চিত করতেই এই নথি গ্রহণ করা যাবে।

***************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ সহ ১০টি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনে নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। আজ থেকে ৫ মার্চ পর্যন্ত মনোনয়ন জমা নেওয়া হবে। আগামী মাসের ১৬ তারিখ হবে ভোটগ্রহণ।

মহারাষ্ট্রে সাতটি আসন, তামিলনাড়ুতে ছ'টি, বিহার ও পশ্চিমবঙ্গে পাঁচটি ক'রে আসন, ওড়িশায় চারটি, আসামে তিনটি, তেলেঙ্গানা, ছত্তিশগড় ও হরিয়ানায় দুটি ক'রে এবং হিমাচল প্রদেশে একটি আসন খালি হচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রী রামনাথ ঠাকুর এবং রামদাস আঠাওয়ালে, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, এন সি পি–এস পি নেতা শরদ পাওয়ার, আর এল এম নেতা উপেন্দ্র কুশওয়াহা, কংগ্রেস নেতা অভিষেক মনু সিংভি, এ আই এ ডি এ মকে নেতা এম থাম্বিদুরাই এবং ডি এম কে নেতা তিরুচি শিবার মেয়াদ আগামী এপ্রিল মাসে শেষ হচ্ছে।

নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছে, ব্যালট পেপারে ভোটদানের জন্য কেবলমাত্র রিটার্নিং অফিসারের দেওয়া পূর্ব-নির্ধারিত বেগুনি রঙের স্কেচ-পেন ব্যবহার করতে হবে। অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করার জন্য পর্যবেক্ষক নিয়োগ ক'রে নির্বাচন প্রক্রিয়ার নিবিড় পর্যবেক্ষণের জন্য পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হবে বলেও নির্বাচন কমিশন জানিয়েছে।

***************************

রাজ্যের বিভিন্ন জেলা আদালতগুলিতে বোমাতঙ্কের পর আজ কলকাতার আনন্দপুরের পাসপোর্ট অফিস এবং ব্রাবর্ণ রোডের পাসপোর্ট অফিসে বোমা থাকার হুমকি মেল আসে। খবর দেওয়া হয় থানায়। বোম্ব স্কোয়ার্ডের তল্লাশি চলে। তবে এখনো পর্যন্ত সন্দেহজনক কিছু পাওয়া যায়নি বলে খবর। বেশ কয়েকটি পোস্ট অফিসেও বোমা রয়েছে বলে মেল এসেছে। হাওড়া মেইন পোস্ট অফিস, সল্টলেক সেক্টর ফাইভ পোস্ট অফিস, রিজেন্ট পার্ক পোস্ট অফিসে বোমা থাকার হুমকি মেল আসে বলে খবর।

বাঁকুড়া প্রধান ডাকঘরের পাসপোর্ট সেবা কেন্দ্র, কোচবিহার প্রধান ডাকঘরেও বোমা রয়েছে বলে মেইল আসে।

***************************

এসআইআর প্রক্রিয়ায় তথ্যগত অসংগতির নামে গোপনে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়া হচ্ছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, বিজেপি তার সমালোচনা করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, যাবতীয় সমস্যা তৈরি হয়েছে শাসকদলের অসহযোগিতার জন্য।

( বাইট- সুকান্ত )

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-এসআইআর প্রক্রিয়ায় রাজ্যে এক কোটি ২০ লক্ষ মানুষের নাম বাদ যেতে পারে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আশঙ্কা প্রকাশ করেছেন। নিজের বিধানসভা কেন্দ্র ভবানীপুরে গতকাল এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, তথ্যগত অসংগতির কারণ দেখিয়ে এর মধ্যে প্রায় ৮০ লক্ষ ভোটারের নাম বাদ দেওয়া হচ্ছে।

***************************

নির্বাচন কমিশনের অফিসে, বিরোধী দলনেতাকে হেনস্থার ঘটনায় দ্রুত শুনানির আবেদন জানিয়ে ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন শুভেন্দু অধিকারীর আইনজীবিরা। গতকালই প্রধান বিচারপতির অনুমতি সাপেক্ষে মামলা দায়ের হয়েছে। আগামীকাল সেটির শুনানি হবে বলে ইতমধ্যেই জানিয়েছে, প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ।

***************************

বকেয়া DA মেটানোর দাবিতে সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠনের ‘কালীঘাট চলো’ কর্মসূচীকে কেন্দ্র করে আজ রাজপথ ফের উত্তপ্ত। একাধিক সরকারী কর্মচারী সংগঠনের প্রতিনিধি সদস্যরা, অবিলম্বে ডি এ মেটানোর সুপ্রিম কোর্টের রায় কার্যকর করার দাবীতে মিছিলে সামিল হয়েছেন। এতে যোগ দিয়েছেন, চাকরী প্রার্থীদের

একাধিক সংগঠন'ও। সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেন, রাজ্য সরকার অবিলম্বে শীর্ষ আদালতের নির্দেশ না মানলে আরো বড় আন্দোলনের পথে হাঁটবেন তাঁরা।

মেট্রো চ্যানেল থেকে মিছিল শুরু হয়ে এগিয়ে চলেছে কালিঘাটের উদ্দেশে।

****************************

আজকের প্রসঙ্গের এবারের বিষয়: **এ আই সামিট** এবং বিনোদন ও সংবাদ মাধ্যমে কৃত্রিম বুদ্ধিমত্তা। পরিচালক অতনু ঘোষ ও পরিচালক, সমালোচক এবং সাংবাদিক রত্নোত্তমা সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন **আজ রাত আটটায়** গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

****************************

হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায়, দুষ্কৃতীদের গুলিতে প্রমোটার সৌফিক খান ও ওরফে সফিকুলের মৃত্যুর ঘটনায় অন্যতম মূল অভিযুক্ত হারুন খান ঘনিষ্ঠ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মহম্মদ বিলালকে জোড়সাঁকো থেকে এবং দিলদার হোসেন ও মহম্মদ ওয়াকিলকে বৌবাজার এলাকা থেকে পাকড়াও করা হয়। ধৃতদের আজ হাওড়া আদালতে তোলা হবে।

এদিকে পিলখানায় খবর সংগ্রহ করতে গিয়ে বেসরকারি টিভি চ্যানেলের সাংবাদিক ময়ূখ ঠাকুর চক্রবর্তী আক্রান্ত হওয়ার ঘটনায় ৬ জনকে গ্রেপ্তরা করা হয়েছে।

উল্লেখ্য, গতকাল ভোরে হারুন খান ও রোহিত খুব কাছ থেকে সৌফিককে গুলি করে চম্পট দেয়। মূল অভিযুক্ত দুজন এখনও অধরা।

****************************

মুর্শিদাবাদের বেলডাঙায় হিংসার ঘটনাত ধৃত ৩১ জনকে আজ কড়া নিরাপত্তার মধ্যে কলকাতায় নিয়ে আসা হয়েছে। তাদের আজ NIA আদালতে তোলা হবে।

বিশেষ বিচারক সুকুমার রায় এদের সশরীরে আদালতে তোলার নির্দেশ দিলেও, পর্যাপ্ত পুলিশ নেই- এই কারণ দেখিয়ে তিনবার আদালতের নির্দেশ না মানার অভিযোগ উঠেছিল মুর্শিদাবাদ জেলা পুলিশের বিরুদ্ধে।

**************************

হিংসা এবং দুর্নীতিকে সমূলে উৎপাটন করার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস। গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, বাংলার ঐতিহ্য রক্ষার জন্য এই দুটি বিষয় নির্মূল করা প্রয়োজন। হাওড়ায় প্রকাশ্যে গুলি করে খুনের ঘটনার তীব্র নিন্দা করেন তিনি।

(বাইট - রাজ্যপাল )

**************************

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে, বেনামে প্রচুর সিম কার্ড তোলা এবং পাকিস্তানে OTP পাচারের অভিযোগে ধৃত দুজনের হেফাজত থেকে ৯৫'টি স্মার্ট ফোন উদ্ধার করেছে পুলিশ। জঙ্গীপুরের অতিরিক্ত পুলিশ সুপার সজল কান্তি বিশ্বাস এবং ফারাক্কার SDPO শেখ সামসুদ্দিন আজ এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, সামশেরগঞ্জের হিজলতলা গ্রামে তল্লাশি চালিয়ে এই স্মার্ট ফোনগুলি উদ্ধার হয়। এর মধ্যে ২৪ টি আই ফোন। মোবারক হোসেন নামে এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। ওই ব্যক্তি গোবিন্দপুর এলাকার বাসিন্দা।

এদিকে, গতকাল বিকেলে পৃথক একটি অভিযানে জেলার ধুলিয়ান ফেরী ঘাট এলাকা থেকে এক জাল নোট পাচারকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার হয়েছে ৫০০ টাকার দেড়শ'টি জাল নোট। ধৃত আসিউর শেখ, মালদা জেলার বৈষ্ণবনগর এলাকার বাসিন্দা।

**************************

কেন্দ্রীয় মন্ত্রিসভার অনুমোদনে কাঁচা পাটের ন্যূনতম সহায়ক মূল্য উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করার কেন্দ্রীয় মন্ত্রিসভার সিদ্ধান্ত রাজ্যের পাটচাষীদের জন্য এক ঐতিহাসিক স্বস্তির বার্তা দিয়েছে। রাজ্যের সর্ববৃহৎ পাট উৎপাদনকারী জেলা মুর্শিদাবাদে এখবর

ছড়িয়ে পড়তেই গ্রামীণ কৃষকদের মধ্যে উদ্দীপনার সৃষ্টি হয়েছে। মুর্শিদাবাদের কৃষক বিলম সাহা জানালেন- ( বাইট- )

**************************

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের প্রথম পর্বের কাউন্সেলিংয়ে মোট ১৬৮ জনকে সুপারিশ পত্র দেওয়া হয়েছে।

গত দুদিনে সাতটি বিষয়ের জন্য ১৮২ জন প্রার্থীকে ডাকা হয়েছিল। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ধাপে ধাপে বাকিদের সুপারিশপত্র দেওয়া হবে বলে এসএসসি জানিয়েছে। একাদশ ও দ্বাদশ শ্রেণির ১২ হাজার ৪৪৫টি শূন্য পদের জন্য ১৮ হাজারের বেশি প্রার্থীকে মেধা তালিকায় রাখা হয়েছে। একাদশ দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে নবম ও দশম শ্রেণির কাউন্সেলিং শুরু হবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

**************************

রাজ্যে আগামী দুদিন তাপমাত্রার কোনো হেরফের হবে না, তবে রবিবার থেকে দুই থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী কয়েক দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে।
আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৮ ডিগ্রি কম।

****************************************************************